# শিক্ষকদের বিরুদ্ধে স্কুলের খাবার ভাগাভাগির অভিযোগ

বেড়া (পাবনা) প্রতিনিধি
২৭ জুলাই ২০২৬, ১২:০০ এএম

উপজেলার একাধিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কর্মসূচিতে ভয়াবহ অনিয়মের অভিযোগ উঠেছে। 'ভুয়া' শিক্ষার্থী দেখিয়ে অতিরিক্ত শিশুখাদ্য বরাদ্দ নেওয়া, উদ্বৃত্ত ডিম-রুটি, দুধ, কলা ও বিস্কুট আত্মসাতের অভিযোগে প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে কোটি কোটি টাকার এই সরকারি প্রকল্প। উদ্বৃত্ত খাবার নেওয়ার কথা স্বীকার করেছেন বেশ কয়েকজন শিক্ষক।

বেড়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের তথ্যমতে, ২০২৫ সাল থেকে শিক্ষার্থীদের পুষ্টি নিশ্চিত ও বিদ্যালয়ে উপস্থিতি বাড়ানোর লক্ষ্য নিয়ে চালু হওয়া স্কুল ফিডিং কর্মসূচির আওতায় সপ্তাহের বিভিন্ন দিনে ডিম, বনরুটি, দুধ, বিস্কুট ও কলা বিতরণ করা হয়। পাবনা জেলার মধ্যে শুধুমাত্র বেড়া উপজেলা স্কুল ফিডিং প্রকল্পের আওতার মধ্যে আছে।

কোমরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি রেজিস্টারে ৩১৫ জন শিক্ষার্থীর নাম দেখা যায়। হাজিরায় ২৫০ জনের বেশি উপস্থিত দেখানো হলেও বিদ্যালয়ে ২৭৫ জনের জন্য শিশুখাদ্য বরাদ্দ রয়েছে।

তালিমনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে মাত্র ১০ জন শিক্ষর্থীকে দেখা যায়। শিক্ষকদের দাবি, প্রথম শিফটে উপস্থিতি বেশি ছিল। দ্বিতীয় শিফটে তৃতীয় এবং চতুর্থ শ্রেণিতে কোনো শিক্ষার্থীর উপস্থিতি পাওয়া যায়নি। এখানে মোট শিক্ষার্থী ৫৭

জন।

এ বিষয়ে বেড়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম বলেন, আমার জানা মতে, প্রত্যন্ত অঞ্চলের কিছু কিছু বিদ্যালয়ে উপস্থিতি কম থাকলে উদ্বৃত্ত খাবারও উপস্থিত শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়। তবু সুনির্দিষ্ট অভিযোগের বিষয়ে তদন্ত করা হবে এবং সত্যতা পেলে ব্যবস্থা গ্রহণ করা হবে। বেড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা রুনাল্ট চাকমা বলেন, স্কুল ফিডিং প্রকল্প শুরুর আগে থেকেই চাহিদা অনুযায়ী বরাদ্দ হয়েছে। তবে, অভিযোগ খুবই গুরুতর। তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।